

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮০২

৮/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৮/১১. যাকাত আদায়কারী যে ধরনের উট গ্রহণ করবে।

بَابِ مَا يَأْخُذُ الْمُصدِّقُ مِنْ الْإِبِلِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ إِسْرَائِيلَ عَنْ جَابِرٍ عَنْ عَامِرٍ عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللهِ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم لَا يَرْجِعُ الْمُصَدِّقُ إِلَّا عَنْ رِضًا

বাংলা

২/১৮০২। জারীর ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাকাত আদায়কারী যেন সম্ভুষ্ট চিত্তে ফিরে আসে।

English

Jarir bin Abdullah narrated that:

the Messenger of Allah said: "The Zakat collector should not come back unless the people are pleased with him."

ফুটনোট

মুসলিম ৯৮৯, তিরমিয়া ৬৪৭, আবূ দাউদ ১৫৮৯, আহমাদ ১৮৭২৪, দারেমী ১৬৭০, সহীহ আবী দাউদ ১৪১৪, মুসিলম অনুরূপ।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী জাবির (বিন ইয়াযীদ) সম্পর্কে শু'বাহ ইবনুল হাজ্জাজ বলেন, তিনি হাদিস বর্ণনায় সত্যবাদী। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যা কথা বলেন। ইয়াহইয়া বিন মাঈন ও জাওযুজানী তাকে মিথ্যুক বলেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৮৭৯, ৪/৪৬৫ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ। হাদিসটির ৭০ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ১ টি অধিক দুর্বল, ১৪ টি দুর্বল, ২৪ টি হাসান, ৩১ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম, ৯৪, ১০৮০, তিরমিয়ি ৬৪৭, আবু দাউদ ১৫৮৯, দারিমী ১৬৭০, আহমাদ ১৮৭০৪, ১৮৭২৪, ১৮৭২৪, ১৮৭২৪, ১৮৭৬০, মু'জামুল আওসাত ৫৮০৭, শারহুস সুন্নাহ ১৫৬৪



ইত্যাদি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন